

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৬৫

আগরতলা, ২৮ জুন, ২০২৪

প্রকাশিত সংবাদের প্রতিবাদ

গত ৩ এপ্রিল, ২০২৪ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় ‘আয়ুষ্মান ভারত প্রকল্পের সুবিধা পাচ্ছেন না কাঞ্চনপুরের সুবিধাভোগীরা’ শিরোনামে প্রকাশিত সংবাদটি স্টেট হেলথ এজেন্সি, টিএইচপিএস-এর নজরে এসেছে। প্রকাশিত সংবাদের প্রতিবাদ জানিয়ে স্টেট হেলথ এজেন্সি, টিএইচপিএস থেকে জানানো হয়েছে, আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা (ABPMJAY) হল বিশ্বের বৃহত্তম স্বাস্থ্য বীমা প্রকল্প যা শুরু করা হয়েছে আর্থিকভাবে দুর্বল শ্রেণীর মানুষদের বিনামূল্যে চিকিৎসা পরিষেবা প্রদানের লক্ষ্যে। কাঞ্চনপুর মহকুমায় এই প্রকল্পে তালিকাভুক্ত প্রত্যেকটি হাসপাতালে PMJAY-এর সুবিধাগুলি সমস্ত সুবিধাভোগীকে প্রদান করা হয়। সরকারের থেকে পাওয়া ওষুধ কাউন্টার থেকে দেওয়া হয় এবং ক্রয় করা সমস্ত ওষুধ অন্তর্বিভাগে রোগীদের চিকিৎসার জন্য ব্যবহার করা হয়। এ প্রকল্পে প্রতি বছর প্রত্যেকটি তালিকাভুক্ত পরিবার ৫ লক্ষ টাকার চিকিৎসা পরিষেবার সুযোগ পাওয়ার যোগ্য। সোশিও ইকোনমিক কাস্ট সেনসাস (SECC) ২০১১- অনুযায়ী আর্থিকভাবে দুর্বল শ্রেণীর মানুষদের স্বাস্থ্য সংক্রান্ত ব্যয় হ্রাস করার উদ্দেশ্যে এবং দরিদ্র ও দুর্বল পরিবারের সাথের বাহিরের ব্যয় হ্রাস করার লক্ষ্যে ২০ ১৮ সালে ভারত সরকার আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার সূচনা করেছিল। এই প্রকল্পের অধীনে রাজ্যের যোগ্য পরিবারের মধ্যে ৫,৫০,০০০ এরও বেশী পরিবারের মোট ১৫,২০,৩৮৩ জন সুবিধাভোগী AB PMJAY-এর আওতায় এসেছে।

স্টেট হেলথ এজেন্সি, টিএইচপিএস থেকে জানানো হয়েছে আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় এখন পর্যন্ত মোট ৩,১০,৮০৮ জন সুবিধাভোগী রাজ্যের এবং বহির্বাজ্যের বিভিন্ন হাসপাতালে এই প্রকল্পের আওতায় বিনামূল্যে চিকিৎসা পরিষেবা পেয়েছেন এবং ১৫ লক্ষের অধিক আয়ুষ্মান কার্ড ইস্যু করা হয়েছে। এই যোজনায় লক্ষ্যমাত্রার ১০০ শতাংশ পরিবারকে প্রকল্পের আওতায় অন্তর্ভুক্ত করা হয়েছে। এই প্রকল্পে ত্রিপুরায় এখন পর্যন্ত ১৭৯ কোটিরও অধিক টাকার দাবি নিষ্পত্তি করা হয়েছে। এই প্রকল্পে ত্রিপুরায় ১৩০টি সরকারি হাসপাতাল এবং ৫টি বেসরকারি হাসপাতাল তালিকাভুক্ত করা হয়েছে।
